গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
প্রশাসন শাখা
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২।
www.bba.gov.bd

স্মারক নং-৫০.০১.০০০০.১০৩.১১.০০২.২০-৫৪

তারিখ: ১৫ মাঘ ১৪৩১
২৯ জানুয়ারি ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের রাজস্বখাতভুক্ত নিম্নলিখিত পদে সরাসরি নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://eservice.bba.gov.bd/recruitment/ ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | এসিস্ট্যান্ট ডাইরেক্টর<br>বেতনস্কেল: টাকা ২২০০০–৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ০২ (দুই)টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ২. | এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)<br>বেতনস্কেল: টাকা ২২০০০–৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ০২ (দুই)টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি। |
| ৩. | সহকারী প্রোগ্রামার<br>বেতনস্কেল: টাকা ২২০০০–৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ০১ (এক)টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ৪. | এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার<br>বেতনস্কেল: টাকা ২২০০০–৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ০১ (এক)টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ৫. | এস্টিমেটর/সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)<br>বেতনস্কেল: টাকা ১৬০০০ – ৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | ০২ (দুই)টি | স্বীকৃত বোর্ড হতে সিভিল এ অন্যূন ০৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৬. | কম্পিউটার অপারেটর<br>বেতনস্কেল: টাকা ১১০০০ – ২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০৭ (সাত)টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজি ৩০ শব্দসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ। |
| ৭. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>বেতনস্কেল: টাকা ১১০০০ – ২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০৩ (তিন)টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) সাঁটলিপি সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ৫০ শব্দ এবং ইংরেজিতে ৮০ শব্দ; এবং<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ। |
| ৮. | কানুনগো<br>বেতনস্কেল: টাকা ১১০০০ – ২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০১ (এক)টি | স্বীকৃত বোর্ড হতে অন্যূন ০৪ (চার) বৎসর মেয়াদি সার্ভে (জরিপ) ডিপ্লোমা। |
| ৯. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>বেতনস্কেল: টাকা ১০২০০ – ২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ১১ (এগারো)টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) সাঁটলিপি সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজিতে ৭০ শব্দ; এবং<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ। |
| ১০. | ক্যাশিয়ার<br>বেতনস্কেল: টাকা ১০২০০ – ২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০১ (এক)টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় শিক্ষা বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) হিসাব ও অডিট অথবা অনুরূপ ক্ষেত্রে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ১১. | একাউন্ট এসিস্ট্যান্ট<br>বেতনস্কেল: টাকা ১০২০০ – ২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০১ (এক)টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় শিক্ষা বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১২. | ডাটা এন্ট্রি অপারেটর<br>বেতনস্কেল: টাকা ৯৩০০ – ২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ (এক)টি | (ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজি ২০ শব্দসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ। |
| ১৩. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>বেতনস্কেল: টাকা ৯৩০০ – ২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ১৪ (চৌদ্দ)টি | (ক) স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ। |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১৪. | সার্ভেয়ার<br>বেতনস্কেল: টাকা ৯৩০০ – ২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ (এক)টি | স্বীকৃত ইনস্টিটিউট হতে সার্ভে (জরিপ) ডিপ্লোমা। |
| ১৫. | চেইনম্যান<br>বেতনস্কেল: টাকা ৮২৫০ – ২০০১০/-<br>(গ্রেড-২০) | ০২ (দুই)টি | স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬. | অফিস সহায়ক<br>বেতনস্কেল: টাকা ৮২৫০ – ২০০১০/-<br>(গ্রেড-২০) | ১৬ (ষোল)টি | স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**০২। আবেদনের শর্ত ও পরীক্ষায় অংশগ্রহণের নিয়মাবলী :**

০১. সকল পদে **০১.০২.২০২৫** খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

০২. মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের দায়েরকৃত সিভিল আপীল নং ৪৬০/২০১৭ (সিভিল রিভিউ পিটিশন-১৮১/২০১৮) এর রায় অনুযায়ী বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অধীন চলমান/সমাপ্ত প্রকল্পে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। তবে মৌখিক পরীক্ষার সময় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অধীন চলমান/সমাপ্ত প্রকল্পের নিয়োগপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে;

০৩. সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অন্যথায় ঐ আবেদন গ্রহণযোগ্য হবে না। মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে;

০৪. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিবিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

০৫. নির্বাচিত প্রার্থীদের বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২০ দ্বারা নিয়ন্ত্রিত হবে;

০৬. কেবলমাত্র নির্ধারিত লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মধ্যে হতে প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক যোগ্য প্রার্থীদের চূড়ান্ত নিয়োগের জন্য সুপারিশ করা হবে;

০৭. প্রার্থীকে লিখিত, মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না;

০৮. অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার/সংশোধন করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

০৯. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

১০. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**০৩। অনলাইনে আবেদন প্রক্রিয়া :**

০১. আবেদনপত্র দাখিলের সময়সীমা: **আগামী ০১.০২.২০২৫ তারিখ সকাল ১০.০০ টা থেকে ০২.০৩.২০২৫ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত; ফি জমাদানের শেষ সময়: আবেদনের পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টা।**

০২. আবেদনকারী বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ওয়েবসাইট www.bba.gov.bd তে প্রবেশ করে **e-Recruitment Menu** অথবা https://eservice.bba.gov.bd/recruitment/ এর মাধ্যমে আবেদন করতে পারবেন;

০৩. আবেদনপত্রে প্রার্থীকে তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবি ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৫০ kb-এর মধ্যে হতে হবে;

০৪. নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Auto Generated Registration Card পাবেন। সফলভাবে আবেদন করার পর আবেদনকারীর মোবাইলে এসএমএস-এ একটি User ID ও Password প্রেরণ করা হবে। উক্ত রেজিস্ট্রেশন কার্ডে ফি পরিশোধের নির্দেশনা দেয়া থাকবে। রেজিস্ট্রেশন কার্ডটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে;

**০৫. প্রার্থীকে সফলভাবে আবেদনপত্র Submit করার ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SSLCOMMERZ ব্যবহার করে CARD/MOBILE BANKING/NET BANKING-এ পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) ক্রমিক নং ০১ থেকে ০৫ পর্যন্ত প্রতিটি পদের জন্য ২০০ টাকা, ক্রমিক নং ০৬ থেকে ১৪ পর্যন্ত প্রতিটি পদের জন্য ১০০ টাকা এবং ক্রমিক নং ১৫ থেকে ১৬ পর্যন্ত প্রতিটি পদের জন্য ৫০ টাকা পরিশোধ করতে হবে। অনগ্রসর নাগরিকদের জন্য প্রতিটি পদের জন্য ৫০ টাকা পরিশোধ করতে হবে। উল্লেখ্য, প্রতিটি পদের জন্য পরীক্ষা ফি'র সাথে অনলাইন ফি বাবদ ১০ টাকা অতিরিক্ত পরিশোধ করতে হবে। আবেদন করার ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে ফি পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।**

০৬. User ID ও Password দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েবসাইট লিঙ্ক হতে পুনরুদ্ধার করতে পারবেন;

০৭. **SSLCOMMERZ এর মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া:**

**১ম ধাপ:** আবেদনের ওয়েবসাইটের **e-Recruitment Menu**-এ ক্লিক করে লগইন অপশন 'Applicant Login' বাটনে ক্লিক করুন;

**২য় ধাপ:** User ID ও Password প্রদান করে Applicant Dashboard-এ প্রবেশ করুন;

**৩য় ধাপ:** 'Payment Information/Download Admit Card' মেনুতে ক্লিক করুন;

**৪র্থ ধাপ:** 'Pay Online' লিংক-এ ক্লিক করার পর একটি পপআপ উইন্ডো আসবে। পপআপ উইন্ডো এর 'CARD/MOBILE BANKING/NET BANKING' নির্বাচন করার পর স্ক্রিনে প্রদত্ত নির্দেশনা মোতাবেক তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে;

**৫ম ধাপ:** সফলভাবে ফি পরিশোধ হয়ে গেলে 'Transaction Successful Your Payment has been successfully completed…' মেসেজ দেখাবে এবং

**৬ষ্ঠ ধাপ:** আবেদনকারী প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

০৮. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের Website (www.bba.gov.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (কেবল যোগ্য প্রার্থীদেরকে) পরীক্ষার তারিখ, স্থান ও সময় জানিয়ে দেয়া হবে।

০৪। <u>প্রার্থীর যোগ্যতা যাচাই :</u>

০১. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য, জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর আবেদন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

০২. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে;

১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ২) অভিজ্ঞতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে); ৩) জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে); ৪) বাংলাদেশের নাগরিকত্ব প্রমাণের সনদ হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন প্রদত্ত নাগরিকত্ব সনদ; ৫) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; ৬) কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের কপি; ৭) সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি; ৮) প্রবেশপত্র; ৯) অনলাইনে পুরণকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি।

০৩. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৫। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের **Website: www.bba.gov.bd**-তে পাওয়া যাবে। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইটে পাওয়া যাবে; এবং

০৬। ই-রিক্রুটমেন্ট সংক্রান্ত যে কোন সমস্যা হলে সহায়তা : ফোন- **০১৭০০৭১৬৩৩২** অথবা **০১৭০০৭১৬৪৯৯** (সকাল ০৯ হতে বিকাল ০৫ টা), ইমেইল : ap@bba.gov.bd

২৭/০২/২০২৫
(এ এফ এম তাজুল ইসলাম)
উপপরিচালক (প্রশাসন)
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ